মুক্তাগাছা পৌরসভা কার্যালয়
মুক্তাগাছা, ময়মনসিংহ।

মুক্তাগাছা পৌরসভার আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, ২৩/০৫/২০১৭ খ্রিঃ তারিখ মঙ্গল বার বেলা ১১:০০ টায় পৌরসভার সভাকক্ষে আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আহবান করা যাচ্ছে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাদিগকে অনুরোধ করা হলো।

২২/০৫/১৭ইং
(মোঃ শহীদুল ইসলাম)
মেয়র
ও
সভাপতি
আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
মুক্তাগাছা পৌরসভা।

আলোচ্যসূচী ঃ

১। বিগত সভার কার্য-বিবরনী পাঠ ও অনুমোদন।
২। পৌর এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা।
৩। যানজট নিরসন প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

ক্রমিক নং	নাম, পরিচয়	পদবী	স্বাক্ষর
১	মিসেস আসমা আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত আসন, ৭,৮,৯নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	[signature]
২	জনাব মোছাঃ বুলবুলি আক্তার, ২য় প্যানেল মেয়র ও কাউন্সিলর, সংরক্ষিত আসন, ১,২,৩নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	[signature]
৩	জনাব মোঃ আঃ হানিফ মির্জা, কাউন্সিলর, ৮নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	[signature]
৪	জনাব মোহাম্মদ আলী, কাউন্সিলর, ২নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	[signature]
৫	অফিসার ইনচার্জ, মুক্তাগাছা থানা, মুক্তাগাছা।	বিশেষজ্ঞ সদস্য	

মুক্তাগাছা পৌরসভা কার্যালয়
মুক্তাগাছা, ময়মনসিংহ।

সভা নং- ১০

আইন-শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী ঃ

সভাপতি	ঃ জনাব মোঃ শহীদুল ইসলাম মেয়র, মুক্তাগাছা পৌরসভা।
সভার স্থান	ঃ পৌরসভার সভাকক্ষ।
তারিখ	ঃ ২৩/০৫/২০১৭ খ্রিঃ।
বার	ঃ মঙ্গল বার।
সময়	ঃ বেলা ১১:০০ টা।
সভায় উপস্থিতি	ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

আলোচনা ও সিদ্ধান্তবলী ঃ

অদ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আইন-শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ের বিভিন্ন দিক সম্পর্কে বিশদ ও বিস্তারিত আলোচনা করেন। নিম্নে আলোচ্যসূচি মোতাবেক আলোচনা ও সিদ্ধান্তবলী উল্লেখ করা হলো।

আলোচ্যসূচী ঃ (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

সভায় গত ২৭/০৩/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী পাঠ করা হয়। অত:পর উক্ত তারিখের সভার কার্যবিবরণীর উপর বিশদ ও বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী ঃ (২) পৌর এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা ঃ

সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি অনুযায়ী পৌর এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা করা হয়। সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করে বলেন শহরের বিভিন্ন এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিশেষ করে চুরি-ডাকাতি, ছিনতাই, ইভটিজিং এবং মাদকাসক্তদের অপরাধ প্রবণতা বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা করা হয়। এছাড়া সভায় বর্তমানে দেশের বিভিন্ন স্থানের জঙ্গী তৎপরতা নিয়ে বিস্তারিত আলোচনান্তে পৌর এলাকায় মাইকিং করনের মাধ্যমে জনসাধারণকে তাদের ভাড়াটিয়াদের তথ্য আইন প্রয়োগকারী সংস্থার নিকট জমা প্রদানের সিদ্ধান্ত সুপারিশ আকারে গ্রহণ করা হয়।

আলোচ্যসূচী ঃ (৩) যানজট নিরসন প্রসঙ্গে আলোচনা ঃ

সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি অনুযায়ী পৌর এলাকার যানজট নিরসন প্রসঙ্গে আলোচনার জন্য কমিটির সদস্যগণকে আহবান জানান। কমিটির সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করে শহরের বিভিন্ন স্থানের বিশেষ করে নাপিতখোলা মোড় হতে মুক্তাগাছা থানা পর্যন্ত যানজট নিরসন প্রসঙ্গে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশ সিদ্ধান্ত আকারে গ্রহণ করা হলো।

সিদ্ধান্ত ঃ

(ক) সাহেব বাজারে হাইওয়ে রোডের উত্তর পার্শ্বে সড়কের উপরে বসা বাজার অপসারণ।
(খ) মুক্তাগাছা থানার সম্মুখে অবস্থিত ইসলাম পরিবহন, পার্থ পরিবহন, সিএনজি ও অটো রিক্সার ষ্টেন্ড অন্যত্র স্থানান্তর করণ।
(গ) মটর শ্রমিক ইউনিয়ন অফিসের সম্মুখ হতে গাড়ির চাঁদা আদায় অন্য স্থানে করা।
(ঘ) যানজট রোধে অফিসার ইনচার্জ, মুক্তাগাছা থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ জানানো হয়।

আলোচ্যসূচি ঃ (৪) বিবিধ ঃ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহীদুল ইসলাম)
মেয়র
ও
সভাপতি
আইন-শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
মুক্তাগাছা পৌরসভা।

স্মারক নং- মুক্তা:পৌর/প্র:বি: ২০১৭/৬১৩(২) তারিখ- ০৩/০৫/২০১৭ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ....।

২। অফিস নথি।

(মো: শহীদুল ইসলাম)
মেয়র
ও
সভাপতি
আইন-শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
মুক্তাগাছা পৌরসভা।

মুক্তাগাছা পৌরসভা কার্যালয়

মুক্তাগাছা, ময়মনসিংহ।

পরিশিষ্ট- "ক"

আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভা

তারিখ ঃ ২৬/০৫/২০১৭ খ্রিঃ। বার ঃ মঙ্গলবার। সময় ঃ বেলা-১১:০০

সভার স্থান ঃ পৌরসভার সভা কক্ষ।

উপস্থিতি

ক্রমিক নং	নাম, পরিচয়	পদবী	স্বাক্ষর
১	জনাব মো: শহীদুল ইসলাম, মেয়র, মুক্তাগাছা পৌরসভা।	সভাপতি	
২	জনাব মোছা: বুলবুলি আক্তার, ২য় প্যানেল মেয়র ও কাউন্সিলর, সংরক্ষিত আসন, ১,২,৩নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	
৩	মিসেস আসমা আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত আসন, ৭,৮,৯নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	
৪	জনাব মো: আ: হানিফ মির্জা, কাউন্সিলর, ৮নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	
৫	জনাব মোহাম্মদ আলী, কাউন্সিলর, ২নং ওয়ার্ড, মুক্তাগাছা পৌরসভা।	সদস্য	
৬	অফিসার ইনচার্জ, মুক্তাগাছা থানা, মুক্তাগাছা।	বিশেষজ্ঞ সদস্য	